

# জার্মান ইউনিভার্সিটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৭ মে ২০২৫, ০৫:১৫



জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ



 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শুক্রবার (১৬ মে) গণমাধ্যমে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। তবে ঠিক কী কারণে বিশ্ববিদ্যালয়টি বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তা জানানো হয়নি।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ১৫ মে অনুষ্ঠিত জার্মান ইউনিভার্সিটির ষষ্ঠ জরুরি সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক সব কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়টির সব ধরনের কার্যক্রম বন্ধ থাকবে।

শুক্রবার থেকে এ সিদ্ধান্ত কার্যকর হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্তের কারণ সম্পর্কে বিস্তারিত কিছু জানায়নি।

অফিস আদেশের কপি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরগুলোতে পাঠানো হয়েছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

ইত্তেফাক/এমএস

